

ডিন

সামাজিক বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : ৯৬৬১৯০০/৪৩৫২, ৫৮৬১৩৭৩৮

ফ্যাক্স : ৮৮০-২-৯৬৬৭২২২



Dean

Faculty of Social Sciences

University of Dhaka

Dhaka-1000, Bangladesh

Phone : 9661900/4352, 58613738

Fax : 880-2-9667222

E-mail : dean.fss.du@gmail.com

তারিখ : ১ ডিসেম্বর, ২০১৯

‘ঘ’ ইউনিট ভর্তি: ২০১৯-২০২০

ভর্তির চূড়ান্ত তালিকা প্রকাশ ও ভর্তির বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ‘ঘ’-ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটসমূহে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের Subject Choice Form-এ উল্লেখিত পছন্দের ক্রমানুসারে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটের নির্ধারিত আসনে ভর্তির জন্য মনোনীত ছাত্র-ছাত্রীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হলো। শিক্ষার্থীগণ অনলাইনে লগইন করে শুধুমাত্র নিজের প্রাপ্ত বিভাগ দেখতে পারবে।

গত ২৬ - ২৮ নভেম্বরে অনুষ্ঠিত সাক্ষাৎকারের পর আসন শূন্য সাপেক্ষে কিছু শিক্ষার্থীর বিষয় পরিবর্তিত হয়েছে। পছন্দক্রম অনুসারে সর্বশেষ মেধাক্রমধারী বিজ্ঞান ১৪৪৪ (শর্তের কারণে আরবি বিভাগ পেয়েছে ৭১৯৪ পর্যন্ত), ব্যবসায় শিক্ষা- ৫৭২ ও মানবিক-৭৬ পর্যন্ত বিভাগ পেয়েছে। প্রথম ও দ্বিতীয় তালিকা মিলে একটি চূড়ান্ত তালিকা করা হয়েছে। বর্তমানে আর কোন শূন্য আসন নাই। পরবর্তী সময়ে আসন শূন্য হলে (কোন শিক্ষার্থী ভর্তি না হলে) দ্বিতীয় সাক্ষাৎকারের মাধ্যমে মেধাক্রমানুযায়ী ভর্তির সুযোগ হতে পারে। দ্বিতীয় সাক্ষাৎকারের নোটিশটি আনুমানিক জানুয়ারি ২০২০-এর ৩য় সপ্তাহে দেয়া হতে পারে।

প্রার্থীর করণীয় ও গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ১। প্রকাশিত চূড়ান্ত তালিকা অনুযায়ী মনোনীত বিভাগে ভর্তির জন্য যোগাযোগের তারিখঃ ১৭/১২/২০১৯ (মঙ্গলবার)। তবে ভর্তির তারিখ স্ব-স্ব বিভাগ নির্ধারণ করবে। ১৭ - ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে ভর্তি সম্পন্ন করতে হবে। ক্লাস শুরু সন্ধ্যা তারিখ ০১ জানুয়ারি ২০২০।
- ২। বিভাগে যাওয়ার সময় মনোনীত বিভাগের পৃষ্ঠাটি অনলাইন থেকে প্রিন্ট করে নিয়ে যেতে হবে এবং বিভাগে জমা দিতে হবে। ভর্তির জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা বিভাগ থেকে প্রদান করা হবে। ভর্তির নিয়মাবলী ও ভর্তি-ফি স্ব-স্ব বিভাগ থেকে জেনে নিতে হবে।
- ৩। ভর্তি হওয়ার ১৫ দিনের মধ্যে বিভাগ পরিবর্তনের একটি নোটিশ দেয়া হবে। ভর্তি হওয়ার পর যারা বিভাগ পরিবর্তন করতে ইচ্ছুক, তাদেরকে বিভাগ ও হলের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। নোটিশটি অনলাইন/সামাজিক বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ড/ বিভাগের নোটিশ বোর্ডে দেয়া হবে।

বি: দ্র: শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভর্তির টাকা ব্যাংকে জমা দিলেই ভর্তি সম্পন্ন হবে না। ব্যাংকে টাকা জমা দেয়ার পর হলের কাজ সম্পন্ন করতে হবে। ক্লাস শুরু হওয়ার এক মাসের মধ্যে ভর্তি ও রেজিস্ট্রেশন (SIF) ফরমে স্বাক্ষর না করলে ভর্তি সম্পন্ন হবে না। নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিভাগে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে ভর্তি ও রেজিস্ট্রেশন ফরমে স্বাক্ষর করার মাধ্যমে ভর্তি সম্পন্ন হবে।

শুভ কামনায়,

সাদেকা হালিম -

অধ্যাপক ড. সাদেকা হালিম

ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়